



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৬

২৬ জ্যৈষ্ঠ ১৪৩১

তারিখঃ -----

০৯ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা ও
রপ্তানি বিল ক্রয়ের জন্য বাণিজ্যিক ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ঈদের পূর্বের সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন
১৪, ১৫ ও ১৬ জুন ২০২৪ তারিখে সীমিত পরিসরে খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসন্ন ঈদ-উল-আযহা এর পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত
শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী,
আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট
শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ১৪, ১৫ ও ১৬ জুন ২০২৪ তারিখ পূর্ণ দিবস খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা
গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ৭
দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয়
প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাসুমা সুলতানা)
পরিচালক (ডিওএস)
ফোন : ৯৫৩০০৯৩